ক্লাইমেট ইনভেস্টমেন্ট ফান্ড কমিটির জন্য সামাজিক পর্যবেক্ষক নিজ-নির্বাচন প্রক্রিয়া

আবেদনপত্রের আহ্বান

পর্যবেক্ষক পদে আবেদনের জন্য তথ্যাদি ও নির্দেশাবলী

আবেদনপত্রের শেষ তারিখ : বুধবার, 15ই জুলাই 2009, মধ্যরাত মার্কিন ইস্টার্ন ডে-লাইট সময়

CIF কমিটি এবং সামাজিক পর্যবেক্ষক পদ

দ্য ক্লাইমেট ইনভেস্টমেন্ট ফান্ড (CIF) ট্রাস্ট ফান্ড কমিটিগুলি স্থাপিত হয়েছিল জুলাই 2008 সালে যার উদ্দেশ্য ছিল পরিস্কার প্রযুক্তিতে বিনিয়োগে উত্সাহ দান এবং আবহওয়া পরিবর্তনজনিত চ্যালেঞ্জের মোকাবিলায় পাইলট প্রজেক্টগুলির তহবিল গঠন (অনুগ্রহ করে বিশদ তথ্যের জন্য এই ওয়েবসাইটটি দেখুন www.worldbank.org/cif)। জানুয়ারি 2009 সালে কমিটিগুলি CIF-এর মিটিং-এ পর্যবেক্ষকদের অংশগ্রহণ বিষয়ক নির্দেশিকা অনুমোদন করেছে।

এপ্রিল 2009 সালে, রিজলভ (RESOLVE), একটি স্বাধীন অলাভজনক সংস্থা যারা অংশীদার অংশগ্রহণ, অংশীদারদের ঐক্যমতে আনা এবং সাহায্যকারীর কাজ করে থাকে, তাদের আমন্ত্রণ জানানো হয়েছিল সামাজিক পর্যবেক্ষক নিয়োগের জন্য নিজ-নির্বাচন প্রক্রিয়া আয়োজন করতে। এই পর্যবেক্ষক পদগুলি দুটি ক্লাইমেট ইনভেস্টমেন্ট ফান্ড (CIF) কমিটিগুলির জন্য – ক্লিন টেকনলজি ফান্ড (CTF) এবং স্ট্রেটেজিক ক্লাইমেট ফান্ড (SCF) – এবং এর সঙ্গে SCF-এর সাব-কমিটি, পাইলট প্রোগ্রাম ফর ক্লাইমেট রেজিলিয়েন্স (PPCR)-এর জন্য একটি। CTF, SCF এবং PPCR-এর জন্য চারটি (4) করে সামাজিক পর্যবেক্ষক পদ থাকবে।

আদিবাসী মানুষদের দল

SCF এবং PPCR-এ আদিবাসী মানুষদের দল-এর জন্য আলাদা পদ নির্দিষ্ট আছে, কিন্তু CTF-এর ক্ষেত্রে যে চারটি (4) সামাজিক পর্যবেক্ষক নিয়োগ করা হবে তার মধ্যেই আদিবাসী মানুষদের দল অন্তর্ভুক্ত রয়েছে। তাই রিজলভ (RESOLVE) আদিবাসী মানুষদের দলদের উত্সাহিত করছে যাতে তারা একটি পদের জন্য আবেদন করে বিশেষ করে CTF-এর পদের জন্য।

অন্যান্য পর্যবেক্ষক পদগুলি

ওয়ার্ল্ড বিজনেস কাউন্সিল অন সাসটেনেবেল ডেভেলপমেন্ট প্রতিটি কমিটিতে দুটি (2) বেসরকারী পর্যবেক্ষক নিয়োগ করতে একটি আলাদা প্রক্রিয়া আয়োজন করতে চলেছেন। The CIF প্রশাসনিক ইউনিট আদিবাসী মানুষদের দলগুলির সঙ্গে কাজ করে চলেছে ইউ-এন পার্মানেন্ট ফোরাম ফর ইন্ডিজেনাস ইস্যুর মাধ্যমে যাতে রাষ্ট্রপুঞ্জের স্থায়ী ফোরামের মাধ্যমে SCF এবং PPCR-এ আদিবাসী মানুষদের দল-এর জন্য আলাদা দুটি (2) পর্যবেক্ষক পদের নিয়োগের জন্য।

সামাজিক পর্যবেক্ষকদের ভূমিকা ও দায়িত্বসমূহ

আবেদনপত্র পূরণের আগে, অনুগ্রহ করে ভালোভাবে পড়ে নিন এই নথিটি "সমাজের প্রতিনিধিদের পর্যবেক্ষণের জন্য আমন্ত্রণের নির্দেশিকা", যেটি পাওয়া যায় CIF ওয়েবসাইটে (www.worldbank.org/cif)। সমাজিক পর্যবেক্ষেকদের CIF মিটিংয়ে "সক্রিয়ভাবে" পর্যবেক্ষণ করতে আমন্ত্রণ জানাণো হচ্ছে অর্থাত্ তাঁরা :

- কমিটির আলোচনার সময়ে সভা কক্ষে বলতে পারবেন;
- সহ-সভাপতিদের অনুমোদন-সাপেক্ষ বিষয় তালিকায় কোনো বিষয় অন্তর্ভুক্ত করতে বলতে পারেন; এবং
- নির্দিষ্ট ও বিশেষ বিষয়ে বহিরাগত বক্তাদের বক্তব্য পেশ করার সুপারিশ করতে পারেন।

সামাদিক অংশীদারেরা পর্যবেক্ষকদের কিছু গুরুত্বপূর্ণ দায়িত্ব সমূহ চিহ্নিত করেছেন যার মধ্যে নিম্ন লিখিতগুলি আছে :

- মিটিং জন্য প্রস্তুতি নেওয়া এবং আপনার সংস্থার/সংগঠনের/গোষ্ঠির কাছ থেকে জেনে নেওয়া যে মিটিংয়ে কী কী বিষয় উত্থাপন করা হবে।
- বৃহত্তর সামাজিক গোষ্ঠির সমস্যার কথা মাথায় রাখতে হবে (অর্থাত্ শুধুমাত্র আপনার নিজের সংস্থা/সংগঠন/গোষ্ঠি-র সমস্যার কথা নয়)
- মিটিং থেকে উঠে আসা তথ্য এবং সেই প্রক্রিয়ায় যে শিক্ষা পাওয়া হয় সেগুলি বৃহত্তর গোষ্ঠির স্বার্থে বৃহত্তের গোষ্ঠির সঙ্গে ভাগ করে নেওয়া।

এ ছাড়াও, নির্দেশিকা বলছে যে পর্যবেক্ষকেরা সাহায্য করবেন বার্ষিক অংশীদারী ফোরামে সামাজিক অংশগ্রহণের বিষয়টি আয়োজন করতে সাহায্য করবেন।

<u>নিজ-নির্বাচন প্রক্রিয়া এবং তার সময়সূচী</u>

এপ্রিল – মে 2009: রিজলভ (RESOLVE) নিজ-নির্বাচন প্রক্রিয়াটি শুরু করল অংশীদারদের কাছ থেকে পর্যবেক্ষকদের যোগ্যতামান জানতে চেয়ে এবং একটি পরামর্শ কমিটি তৈরী করতে বলে য়েটি রিজলভ (RESOLVE)-কে পুরো প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ দিক-নির্দেশ করবে। সামাজিক অংশীদারদের কাছ থেকে নির্দিষ্ট যোগ্যতামানের নির্দেশ পাওয়ার পর রিজলভ (RESOLVE) সমাজের বিশিষ্টজনদের একটি ছোটো দলকে আহ্বান জানায় পরামর্শদাতা কমিটিতে যোগদান করার জন্য যাঁদের পর্যবেক্ষক পদে যোগদান করার পক্ষে সরাসরি কোনো আগ্রহ বা স্বার্থ নেই।

জুন 1 – 12: পরামর্শদাতা কমিটি রিজলভ (RESOLVE)-কে সাহায্য করেছে পর্যবেক্ষক পদের যোগ্যতামানকে আরও দৃঢ় করতে এবং নিজ-নির্বাচন প্রক্রিয়াকে উন্নত করতে।

জুন 15 - জুলাই 15, 2009: রিজলভ (RESOLVE) পর্যবেক্ষক পদের জন্য আবেদনপত্র গ্রহণ করবে। তিনটি (3) কমিটির প্রতিটির চারটি (4) পদ বিভক্ত হবে নিম্নলিখিত ভৌগলিক অঞ্চলের মধ্যে : একটি (1) উন্নত দেশের জন্য পদ; একটি (1) উন্নত আফ্রিকা মহাদেশের জন্য পদ; একটি (1) এশিয়া মহাদেশ/প্রশান্ত মহাসাগর অঞ্চলের জন্য পদ; একটি (1) লাতিন আমেরিকার জন্য পদ। প্রার্থীদের একটি নির্দিষ্ট আঞ্চলিক পদের জন্য আবেদন করতে হবে।

জুলাই 16 – 17, 2009: রিজলভ (RESOLVE) ও পরামর্শদাতা কমিটি প্রার্থীদের একটি প্রার্থী তালিকা প্রকাশ করবে যেখানে প্রতিটি পদ পিছু পাঁচটি (5) করে প্রার্থীর নাম থাকবে, যাঁরা অংশীদার দ্বারা নির্দিষ্ট যোগ্যতামানে যোগ্য বলে বিবেচিত হবেন।

জুলাই 20 – 31, 2009: রিজলভ (RESOLVE) প্রার্থী তালিকা পোস্ট করবে এবং সামাজে একটি ঘোষণা ছাড়িয়ে দেবে যেখানা অংশীদারদের আহ্বান করা হবে তাদের অঞ্চলের প্রার্থীদের ভোট দিতে।

আগস্ট 3 – 7, 2009: রিজলভ (RESOLVE) এবং পরামর্শদাতা কমিটি এই ভোট প্রক্রিয়ার ফলাফল দেখবেন এবং তারপর সাম্যকরণের মান [যেটি বিস্তারিতভাবে বলা হয়েছে “সামাজিক পর্যবেক্ষকদের যোগ্যতামান” নথিতে যা রিজলভ (RESOLVE)-এর ওয়েবসাইটে পোস্ট করা হয়েছে] অনুযায়ী সেগুলিকে আবার যাচাই করে প্রতিটি কমিটির জন্য চূড়ান্ত পর্যায়ের পদ-প্রার্থী তালিকা প্রকাশ করবে। উদাহরণস্বরূপ, যদি একটি কমিটির চারটি প্রস্তাবিত পর্যবেক্ষক পদের জন্য কোনো মহিলা প্রার্থী না থাকেন তবে রিজলভ (RESOLVE) এবং পরামর্শদাতা কমিটি নিজেদের মধ্যে সিদ্ধান্ত নিয়ে সবচেয়ে বেশি ভোট পাওয়া মহিলা প্রার্থীকে তাঁর অঞ্চলের পদটি দিতে পারবে এবং সবচেয়ে বেশি ভোট পাওয়া প্রার্থীকে প্রথম বিকল্প হিসাবে রাখতে পারবে। রিজলভ (RESOLVE) পর্যবেক্ষকদের চূড়ান্ত তালিকা CIF প্রশাসনিক ইউনিটকে জমা দেবে 7ই আগস্ট-এর মধ্যে। এর লক্ষ্য হল এই যে চূড়ান্ত নির্বাচনে যতগুলি সম্ভব নির্দিষ্ট যোগ্যতামান পূরণ করা যায় সেটি নিশ্চিত করা।

বিস্তারিত তথ্যের জন্য এবং সামাজিক পর্যবেক্ষকদের নিজ-নির্বাচন প্রক্রিয়া সম্বন্ধে সাম্প্রতিক খবরের জন্য এই ওয়েবসাইটটি দেখুন www.resolv.org/cif ।

পর্যবেক্ষকদের যোগ্যতামান

অনুগ্রহ করে পড়ে নিন এই নথিটি “সামাজিক পর্যবেক্ষকদের যোগ্যতামান” যা রিজলভ (RESOLVE)-এর ওয়েবসাইটে পোস্ট করা হয়েছে এই ঠিকানায় www.resolve.org/cif। এই যোগ্যতামান ব্যবহার করা হবে পর্যবেক্ষক পদ প্রার্থীদের মূল্যায়ন ও প্রার্থী ক্রমতালিকা নির্ণয়ের জন্য। রিজলভ (RESOLVE) এবং পরামর্শদাতা কমিটি সাম্যকরণের মান ব্যবহার করবেন চূড়ান্ত পর্যায়ে উচ্চ-ক্রমতালিকাভুক্ত প্রার্থীদের মধ্যে থেকে প্রতিটি কমিটির জন্য সাম্য বজায় রেখে চূড়ান্ত পর্যবেক্ষক বেছে নিতে। রিজলভ (RESOLVE) প্রস্তাবিত যোগ্যতামান সম্বন্ধে সামাজিক অংশীদারদের কাছে থেকে মন্তব্য গ্রহণ করবে **14ই জুলাই 2009 পর্যন্ত।**

স্বার্থের সঙ্ঘাত

সামাজিক অংশীদার ও পরামর্শদাতা কমিটি তাঁদের স্বচ্ছ মতামত ব্যক্ত করেচেন যে বিশ্ব ব্যাংকের থেকে উল্লেখযোগ্য অনুদান পাওয়া অথবা সরাসরি অনুদান পাওয়া সামাজিক পর্যবেক্ষকদের অবস্থানকে প্রভাবিত করতে পারে, যা একটি গুরুত্বপূর্ণ যোগ্যতামান। যে স্বল্প সময়ে রিজলভ (RESOLVE)-কে পরামর্শদাতা কমিটির সঙ্গে আলোচনা করতে হয়েছে তাতে তাঁরা এমন কোনো নির্দিষ্ট নির্দেশিকা পান নি যা স্বার্থের সঙ্ঘাতকে চিহ্নিত করতে পারে। তাই রিজলভ (RESOLVE) চায় যে প্রার্থীরা যেন বিশ্ব ব্যাংক অথবা অন্যান্য আন্তর্জাতিক আর্থিক সংস্থা এবং রপ্তানি ঋণ সংস্থার সঙ্গে তাদের বর্তমান, অসম্পূর্ণ অথবা অতীতের চুক্তিভিত্তিক অথবা সরাসরি আর্থিক সম্পর্কের সম্বন্ধে জানান। এই তথ্য পরামর্শদাতা কমিটি দ্বারা খুব খুঁটিয়ে পর্যালোচনা করা হবে এবং ভোটের সময়ে সমাজের সদস্যদের কাছে প্রকাশ করা হবে। ভোটের আগে স্বার্থের সঙ্ঘাত বিষয়ক যে কোনো অতিরিক্ত তথ্য অবশ্যই জানিয়ে দেওয়া হবে।

পরিবহন সাহায্য

ক্লাইমেট ইনভেস্টমেন্ট ফান্ড কমিটির জন্য সামাজিক পর্যবেক্ষক নিজ-নির্বাচন প্রক্রিয়া

নির্দেশিকা মতে “অনুরোধ পেলে উন্নয়নশীল দেশগুলি থেকে ট্রাস্ট ফান্ড কমিটির মিটিংয়ে অংশগ্রহণ করার পরিবহন খরচ দেওয়া হতে পারে CIF প্রশাসনিক ইউনিটের বাজেট থেকে।”

ভাষা

বিশ্ব ব্যাংক নির্দিষ্ট করে বলেছে যে বর্তমানে CIF কমিটির মিটিংগুলি ইংরেজীতে হবে। তাই মিটিংয়ে কার্যকরীভাবে অংশগ্রহণ করতে হলে প্রার্থীদের অবশ্যই ইংরেজী পড়তে, বুঝতে এবং তার দ্বারা যোগাযোগ ঘটাতে সক্ষম হতে হবে। এছাড়াও আবেদনপত্র ইংরেজীতে পূরণ করতে হবে।

বিকল্পগুলি

প্রতি কমিটিতে চারটি (4) পর্যবেক্ষক ছাড়াও, প্রতি কমিটিতে একটি (1) করে বিকল্প পর্যবেক্ষক থাকবে যাতে এটি নিশ্চিত করা যায় যে প্রতি মিটিংয়ে চারটি (4) করে পর্যবেক্ষক থাকেন। সাম্যকরণের যোগ্যতাবলীর উপর ভিত্তি করে প্রার্থীদের রেটিং তৈরী হবে সেখান থেকে রিজলভ (RESOLVE), পরামর্শদাতা কমিটির সঙ্গে আলোচনা করে এই বিকল্প পর্যবেক্ষকদের বাছবেন।

সময়সীমা

পর্যবেক্ষকেরা দুই বছরের সময়সীমার জন্য নিয়োজিত হবেন। পদগুলিকে এমনভাবে বন্টন করা হবে যাতে একবারে মাত্র অর্ধেক পদগুলিই খালি হয়। সুতরাং এই নিজ-নির্বাচন প্রক্রিয়ায় নির্বাচিত পর্যবেক্ষকদের অর্ধেক মাত্র এক বছরের জন্য কাজ করবে এবং বাকি অর্ধেক দুই বছরের জন্য কাজ করবে (যেটি ঠিক হবে এলোমেলোভাবে)। পর্যবেক্ষেরা কেবলমাত্র একটি নির্দিষ্ট সময়সীমাতেই কাজ করবেন।

আবেদনপত্রের শেষ তারিখ

অনুগ্রহ করে আবেদনপত্রটি পূরণ করুন ইংরেজীতে এবং সেটি ই-মেল-এর মাধ্যমে পাঠিয়ে দিন রিজলভ (RESOLVE)-এর কাছে এই ঠিকানায় cifobservers@resolv.org by the deadline of **বুধবার, 15ই জুলাই 2009, মধ্যরাত মার্কিন ইস্টার্ন ডেলাইট সময়**-এর মধ্যে।

যোগাযোগের তথ্য

যদি আপনাদের কোনো প্রশ্ন থেকে থাকে তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন মেলানি হার্টম্যান-এর সঙ্গে এই ই-মেল ঠিকানায় mhartmann@resolv.org অথবা এই নম্বরে ফোন করে (+1) 202.965.6204 অথবা মার্ক লিউইসের সঙ্গে এই ই-মেল ঠিকানায় mlewis@resolv.org অথবা এই ফোন নম্বরে (+1) 202.965.6211।